গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
শিশু কল্যাণ ট্রাস্ট
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ভবন, মিরপুর-২, ঢাকা-১২১৬
www.skt.gov.bd

**স্মারক নম্বর:** ৩৮.০১.০০০০.০০০.০০০.৩৪.০০০১.১৯.১৮৪

তারিখ: ১২ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
২৭ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: **শিশু কল্যাণ ট্রাস্ট বৃত্তি পরীক্ষা-২০২৫ অনুষ্ঠান সংক্রান্ত 'পরিপত্র'।**
সূত্র: প্রাগম এর স্মারক নং-৩৮.০০.০০০০.০০৭.৯৯.০০৫.১৯-৭৯৬, তারিখ- ২৭/১১/২০২৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিশু কল্যাণ ট্রাস্ট বৃত্তি সংক্রান্ত স্টিয়ারিং কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক 'শিশু কল্যাণ ট্রাস্ট বৃত্তি পরীক্ষা-২০২৫' অনুষ্ঠানের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্তের আলোকে 'শিশু কল্যাণ ট্রাস্ট বৃত্তি পরীক্ষা-২০২৫' আগামী ১২ ডিসেম্বর, ২০২৫ তারিখ শুক্রবার সকাল ১০:৩০ ঘটিকা হতে ১২:৩০ ঘটিকা পর্যন্ত সারাদেশে ৬৬টি কেন্দ্রে (জেলা সদরে ৬৩টি ও ঢাকা মহানগরীর ৩টি) একযোগে পরীক্ষা অনুষ্ঠিত হবে।

২। এমতাবস্থায়, 'শিশু কল্যাণ ট্রাস্ট বৃত্তি পরীক্ষা-২০২৫ অনুষ্ঠান' সংক্রান্ত **পরিপত্র** এর নির্দেশনা মোতাবেক আইনশৃঙ্খলা বজায় রেখে 'শিশু কল্যাণ ট্রাস্ট বৃত্তি পরীক্ষা-২০২৫' সুষ্ঠু ও সুন্দরভাবে অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

২৭-১১-২০২৫
সুরাইয়া খান
পরিচালক

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। জেলা প্রশাসক (ঢাকা জেলা ব্যতিত সকল জেলা) ও সভাপতি, শিশু কল্যাণ ট্রাস্ট বৃত্তি পরীক্ষা-২০২৫ পরিচালনা কমিটি।
২। উপপরিচালক, ঢাকা বিভাগ, বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয়, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ও সভাপতি, শিশু কল্যাণ ট্রাস্ট বৃত্তি পরীক্ষা-২০২৫ পরিচালনা কমিটি।

**স্মারক নম্বর:** ৩৮.০১.০০০০.০০০.০০০.৩৪.০০০১.১৯.১৮৪/১ (১২)

তারিখ: ১২ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
২৭ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
২। চেয়ারম্যান, রাঙ্গামাটি/বান্দরবান পার্বত্য জেলা পরিষদ ও সভাপতি, বিদ্যালয় পরিচালনা কমিটি, শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়।
৩। উপদেষ্টার একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টা মহোদয়ের সদয়

অবগতির জন্য)।
৪। সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট সকল উপজেলা) ও সভাপতি, বিদ্যালয় পরিচালনা কমিটি, শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়।
৬। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল জেলা) ও সদস্য সচিব, বিদ্যালয় পরিচালনা কমিটি, শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়।
৭। অতিরিক্ত সচিব (বিদ্যালয়) এর ব্যাক্তিগত কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮। থানা/উপজেলা শিক্ষা অফিসার (সংশ্লিষ্ট সকল উপজেলা) ও সদস্য সচিব, বিদ্যালয় পরিচালনা কমিটি, শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়।
৯। হিসাবরক্ষণ কর্মকর্তা, সহকারী পরিচালক এর দপ্তর (প্রশাসন ও অর্থ), শিশু কল্যাণ ট্রাস্ট।
১০। প্রধান শিক্ষক (সকল), শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয় (সংশ্লিষ্ট কেন্দ্রের পরীক্ষা পরিচালনা কমিটির সাথে নিরবচ্ছিন্ন যোগাযোগ রাখবেন)।
১১। কম্পিউটার অপারেটর, শিশু কল্যাণ ট্রাস্ট, মিরপুর-২, ঢাকা (ওয়েবসাইটে আপলোড করবেন)।
১২। অফিস কপি।



২৭-১১-২০২৫
মোঃ মাহবুবুর রাব্বানী
সহকারী পরিচালক (শিক্ষা ও কারিগরি)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বিদ্যালয়-১ অধিশাখা
www.mopme.gov.bd

স্মারক নং-৩৮.০০.০০০০.০০৭.৯৯.০০৫.১৯-৭৯৬

তারিখ : ১২ অগ্রহায়ণ ১৪৩২ / ২৭ নভেম্বর ২০২৫

**পরিপত্র**

**বিষয়: শিশু কল্যাণ ট্রাস্ট বৃত্তি পরীক্ষা-২০২৫ অনুষ্ঠান।**

শিশু কল্যাণ ট্রাস্ট বৃত্তি নীতিমালা-২০২৫ এর আলোকে শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়ের ৪র্থ ও ৫ম শ্রেণির অধ্যয়নরত শিক্ষার্থীদের বৃত্তি পরীক্ষা-২০২৫ অনুষ্ঠানের জন্য সংশ্লিষ্ট সকলকে নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলো:

২। **বৃত্তি পরীক্ষার তারিখ ও সময়ঃ** শিশু কল্যাণ ট্রাস্ট বৃত্তি পরীক্ষা-২০২৫ আগামী ১২ ডিসেম্বর, ২০২৫ তারিখ শুক্রবার **সকাল ১০:৩০ ঘটিকা হতে বেলা ১২:৩০ টা** পর্যন্ত অনুষ্ঠিত হবে।

৩। **বৃত্তি পরীক্ষা কেন্দ্রঃ** সারাদেশে মোট ৬৬টি কেন্দ্রে বৃত্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে:-

(i) প্রতি জেলা শহরে ০১টি করে ৬৩টি জেলা শহরে ৬৩টি পরীক্ষা কেন্দ্র থাকবে।
(ii) ঢাকা মহানগরীতে ৩টি কেন্দ্র থাকবে।
(iii) ঢাকা জেলায় কোন পরীক্ষা কেন্দ্র থাকবে না। ঢাকা জেলার পরীক্ষার্থীগণ ঢাকা মহানগরীর কেন্দ্রে পরীক্ষায় অংশগ্রহণ করবেন।
(iv) জেলা শহরের জন্য সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক পরীক্ষার্থীর সংখ্যা বিবেচনায় কেন্দ্র/ভেনু নির্বাচন করবেন। ঢাকা মহানগরীর জন্য উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ কেন্দ্র/ভেনু নির্বাচন করবেন।

৪। **যোগ্য পরীক্ষার্থীঃ** ২০৯টি শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়ে ৪র্থ ও ৫ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থী হতে ন্যূনতম ৩০% শিক্ষার্থী শিশু কল্যাণ ট্রাস্ট বৃত্তি পরীক্ষা-২০২৫ এ অংশগ্রহণ করতে পারবেন।

৫। **পরীক্ষার বিষয়, নম্বর ও সময়ঃ**

(i) ৪র্থ এবং ৫ম শ্রেণির শিক্ষার্থীদের (ক) বাংলা (খ) ইংরেজী (গ) গণিত বিষয়ে পরীক্ষা অনুষ্ঠিত হবে।
(ii) বাংলা, ইংরেজী ও গণিত এই ০৩ (তিন) টি বিষয়ে সর্বমোট ১০০ (একশত) নম্বরের লিখিত পরীক্ষা ০২ ঘন্টা ব্যাপী অনুষ্ঠিত হবে।
(iii) প্রাথমিক শিক্ষা কারিকুলামের (Curriculum) অন্তর্ভুক্ত ৪র্থ এবং ৫ম শ্রেণির পাঠ্যপুস্তক ও পাঠ্যসূচি অনুসারে শিশু কল্যাণ ট্রাস্ট বৃত্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

৬। **বৃত্তি পরীক্ষা পরিচালনা কমিটিঃ** জেলা পর্যায়ে জেলা প্রশাসকের সভাপতিত্বে কেন্দ্র পরিচালনা কমিটি থাকবে। ঢাকা মহানগরীতে ৩টি কেন্দ্রে বৃত্তি পরীক্ষা পরিচালনার জন্য বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ এর সভাপতিত্বে ১টি কমিটি থাকবে।

**জেলা পর্যায়**

| | |
|---|---|
| (ক) জেলা প্রশাসক | - সভাপতি |
| (খ) অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা) | - সদস্য |
| (গ) প্রধান শিক্ষক, শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয় | - সদস্য (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) |
| (ঘ) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার | - সদস্য সচিব |

**ঢাকা মহানগরী**

(ক) বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ - সভাপতি
(খ) উপজেলা/থানা প্রাথমিক শিক্ষা অফিসার ০৩ (তিন) জন (কেন্দ্র সংশ্লিষ্ট থানা) - সদস্য
(গ) শিশু কল্যাণ ট্রাস্ট দপ্তরের একজন উপর্যুক্ত প্রতিনিধি - সদস্য
(ঘ) প্রধান শিক্ষক, শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয় - সদস্য (সভাপতি কর্তৃক মনোনীত)
(ঙ) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ঢাকা জেলা - সদস্য সচিব

৭। **প্রশ্নপত্র তৈরী, মুদ্রণ এবং সংশ্লিষ্ট কেন্দ্রে পৌছানোঃ** "শিশু কল্যাণ ট্রাস্ট বৃত্তি পরীক্ষা-২০২৫" অনুষ্ঠানের লক্ষ্যে জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ), ময়মনসিংহ ৪র্থ এবং ৫ম শ্রেণির ০২ (দুই) সেট প্রণয়নকৃত প্রশ্নপত্র ০৭ ডিসেম্বর ২০২৫ তারিখে পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট'কে সংরক্ষণ ও প্রেরণের নিমিত্ত দাখিল করবেন। পরীক্ষা অনুষ্ঠানের নির্ধারিত তারিখের পূর্বদিন অর্থাৎ ১১ ডিসেম্বর ২০২৫ অনুমোদিত ৬৬টি কেন্দ্রে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট আইসিটি টিম পিডিএফকৃত প্রশ্নপত্র ও উত্তরপত্রসহ নিরাপত্তা কোড ব্যবহার করে ট্রাস্ট দপ্তর ১১ ডিসেম্বর ২০২৫ তারিখের মধ্যে ই-মেইল যোগে প্রতিটি কেন্দ্রে পরীক্ষা পরিচালনা কমিটির সভাপতির নিকট প্রেরণ করবেন (প্রশ্নপত্রের কোড পরীক্ষা পরিচালনা কমিটির সভাপতির ব্যক্তিগত মোবাইলে এসএমএস যোগে প্রেরণ করা হবে)। বৃত্তি পরীক্ষা পরিচালনা কমিটির সভাপতি ই-মেইল হতে প্রশ্নপত্র ডাউনলোড করে নিজ তত্ত্বাবধানে প্রশ্নপত্র মুদ্রণ করবেন এবং পরীক্ষা আরম্ভ হবার ১ (এক) ঘন্টাপূর্বে সংশ্লিষ্ট কেন্দ্র সচিব'কে হস্তান্তর করবেন। কেন্দ্র সচিব প্রাপ্ত প্রশ্নপত্র গোপনীয়তা রক্ষা করে আইনশৃঙ্খলা বজায় রেখে ১২ ডিসেম্বর ২০২৫ তারিখ সকাল ১০:৩০ ঘটিকায় বৃত্তি পরীক্ষা আরম্ভ করবেন এবং ২ ঘন্টা পরীক্ষা শেষে বেলা ১২:৩০ টায় পরীক্ষা সমাপ্ত করবেন।

৮। **উত্তরপত্র মূল্যায়ন ও ফলাফল সীট প্রস্তুতঃ** কেন্দ্র পরিচালনা কমিটি বৃত্তি পরীক্ষা শেষে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণের মাধ্যমে উত্তরপত্র মূল্যায়ন করে পরীক্ষার ফলাফল ১৮ ডিসেম্বর ২০২৫ তারিখের মধ্যে শিশু কল্যাণ ট্রাস্ট দপ্তরে ই-মেইলযোগে (sktmopme@gmail.com) এবং ডাকযোগে প্রেরণ করবেন। পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট প্রাপ্ত ফলাফল একত্র করে সমন্বিত ফলাফল সীট প্রস্তুত করে স্টিয়ারিং কমিটিতে উপস্থাপন করবেন।

৯। **ফলাফল প্রকাশঃ** স্টিয়ারিং কমিটি শিশু কল্যাণ ট্রাস্ট বৃত্তি পরীক্ষার চূড়ান্ত ফলাফল অনুমোদন করবেন এবং প্রকাশের ব্যবস্থা করবেন।

১০। **সম্মানী/বাজেটঃ**

(ক) পরীক্ষা পরিচালনা কমিটিঃ

**জেলা পর্যায়**

| | |
|---|---|
| (i) সভাপতি | = ৩,০০০/- |
| (ii) সদস্য (২৫০০×২) | = ৫,০০০/- |
| (iii) সদস্য সচিব | = ২,৫০০/- |
| | = ১০,৫০০/- |

**ঢাকা মহানগরী**

| | |
|---|---|
| (i) সভাপতি | = ৩,০০০/- |
| (ii) সদস্য (২৫০০×৭) | =১৭,৫০০/- |
| (iii) সদস্য সচিব | = ২,৫০০/- |
| | =২৩,০০০/- |

(খ) কেন্দ্র সচিবের সম্মানী = ১,২০০/-
(গ) হল পরিদর্শকের সম্মানী = ৮০০/-
(ঘ) উত্তরপত্র মূল্যায়ন সম্মানী = ৪০/- (প্রতি খাতার জন্য)
(ঙ) কেন্দ্র ব্যবস্থাপনা ব্যয় =৩,০০০/- (সহায়ক কর্মচারী, আইন শৃঙ্খলা ও আপ্যায়ন ইত্যাদি)
(চ) উপজেলা হতে জেলা শহরে পরীক্ষার্থী আনা-নেয়া ব্যয় ১০৪টি উপজেলার জন্য ৩,০০০X১০৪= ৩,১২,০০০/-
(ছ) প্রশ্নপত্র/উত্তরপত্র মুদ্রণ = ২০/- (প্রতিটি)

১১। কেন্দ্র সচিব ও হল পরিদর্শক মনোনয়নঃ কেন্দ্রস্থ সরকারি বিদ্যালয়ের প্রধান শিক্ষক হবেন কেন্দ্র সচিব এবং সহকারী শিক্ষকগণ হতে কেন্দ্র সচিব হল পরিদর্শক মনোনয়ন করবেন (প্রতি ২৫ জন পরীক্ষার্থীর জন্য ১ জন হল পরিদর্শক থাকবে)।

১২। বৃত্তি পরীক্ষা সংক্রান্তে অধিকতর তথ্য জানতে ০১৭১৬১১৮০০৮ নম্বরে জনাব মো: মাহবুবুর রাব্বানী, সহকারী পরিচালক (শিক্ষা), শিশু কল্যাণ ট্রাস্ট এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

২৭/১১/২০২৫

(মাসুদ আকতার খান)
অতিরিক্ত সচিব (বিদ্যালয়)
ফোন- ৯৫১৪৪৫১

**বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. জেলা প্রশাসক (ঢাকা জেলা ব্যতিত সকল জেলা) ও সভাপতি, বিদ্যালয় পরিচালনা কমিটি, শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়।
২. পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, মিরপুর-২, ঢাকা।
৩. উপপরিচালক, বিভাগীয় উপপরিচালকের কার্যালয়, প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ, ঢাকা।
৪. উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট সকল উপজেলা) ও সভাপতি, বিদ্যালয় পরিচালনা কমিটি, শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়।
৫. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল জেলা) ও সদস্য সচিব, বিদ্যালয় পরিচালনা কমিটি, শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়।
৬. উপজেলা শিক্ষা অফিসার (সংশ্লিষ্ট সকল উপজেলা) ও সদস্য সচিব, বিদ্যালয় পরিচালনা কমিটি, শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়।
৭. প্রধান শিক্ষক (সকল), শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়।
৮. কম্পিউটার অপারেটর, শিশু কল্যাণ ট্রাস্ট, মিরপুর-২, ঢাকা (ওয়েব সাইটে আপলোড করবেন)।

**অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):**

১. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২, মিরপুর, ঢাকা।
২. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. অতিরিক্ত সচিব (বিদ্যালয়) এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. অফিস কপি।

২৭/১১/২০২৫

মিজ্ রওশন আরা পলি
উপসচিব
ফোন: +৮৮০ ২৫৫১০০৯৩৩
ই-মেইল: dssch1@mopme.gov.bd